তোর   শিকল আমায় বিকল করবে না ।
তোর   মারে মরম মরবে না ॥
তাঁর    আপন হাতের ছাড়চিঠি সেই যে
আমার  মনের ভিতর রয়েছে এই যে,
তোদের ধরা আমায় ধরবে না ॥
        যে পথ দিয়ে আমার চলাচল
তোর   প্রহরী তার খোঁজ পাবে কি বল্ ।
আমি    তাঁর দুয়ারে পৌঁছে গেছি রে,
মোরে   তোর দুয়ারে ঠেকাবে কি রে ?
তোর   ডরে পরান ডরবে না ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail